6

আজকের কাগজ

তারিখ 25 MAY 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

# কেন্দুয়ায় বিদ্যালয় গমনোপযোগী অর্ধেকের বেশি ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

নেত্রকোনার কেন্দুয়া থানার বেশিরভাগ বিদ্যালয়ে শিক্ষক, আসবাবপত্র ও শিক্ষা সামগ্রীর অভাবে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ইতিমধ্যেই হতাশাজনক পর্যায়ে পৌঁছেছে। ফলে থানার হাজার হাজার ছেলেমেয়ে শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। বেসরকারিভাবে এক জরিপে দেখা গেছে, কেন্দুয়া থানার প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ৪২ হাজার। এর মধ্যে ২৫ হাজার ছাত্রছাত্রী বিদ্যালয়ে যায় না। এদের অধিকাংশই অভাবগ্রস্ত দরিদ্র ভূমিহীন পরিবারের। অভাবের তাড়নায় অভিভাবকরা তাদের সন্তানদের স্কুলে না পাঠিয়ে ঐ অল্প বয়সী শিশু কিশোরদের কাজে লাগিয়ে দু'পয়সা উপার্জনের প্রতি গুরুত্ব দিচ্ছেন। আর বাকি ১৬ হাজার ছাত্রছাত্রী থানার ৮৭টি সরকারি ও ৪৭টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে গেলেও বিদ্যালয়ের বিভিন্ন সমস্যা ও প্রয়োজনীয় শিক্ষক না থাকায় শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। উল্লেখ্য, প্রথম শ্রেণীর মোট ছাত্রছাত্রীর অর্ধেক বই দেয়ায় শিক্ষকরা ক্লাসে ঠিকমতো পড়াশোনা করাতে পারছে না। সবচেয়ে বড় সমস্যা হচ্ছে বিদ্যালয়গুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নেই। জরাজীর্ণ ভবন, বেঞ্চ, টেবিল-চেয়ার, ব্লাক বোর্ডসহ শিক্ষা উপকরণের অভাব। আর অধিকাংশ স্কুলে খাবার পানি, শৌচাগার ও খেলার মাঠের ব্যবস্থা নেই বললেই চলে। কেন্দুয়া থেকে মতিউর রহমান।